মেহেরপুরে পৃথক দুই সড়ক দুর্ঘটনায় এসএসসি পরীক্ষার্থী নিহত, আহত ৭ জন

মেহেরপুরের গাংনী উপজেলার সাহেবনগর বাজার এলাকায় সড়ক দুর্ঘটনায় শাহিন নামে এক এসএসসি পরীক্ষার্থী নিহত হয়েছেন। নিহত শাহিন এবছরের এসএসসি পরীক্ষার্থী ও মালয়েশিয়া প্রবাসফেরত কাজিপুর গ্রামের ছাদিমান আলীর ছেলে।

স্থানীয়রা জানান, শাহিন মোটরসাইকেল যোগে দ্রুতগতিতে কাজিপুর থেকে বামন্দীর দিকে যাচ্ছিলেন। কাজিপুর ডিগ্রি কলেজের অদূরে পৌঁছালে নিয়ন্ত্রণ হারিয়ে রাস্তার ওপর পড়ে ঘটনাস্থলেই তার মৃত্যু হয়। এ ঘটনায় এলাকায় শোকের ছায়া নেমে এসেছে। রবিবার বিকালে এ দুর্ঘটনা ঘটে।

অন্যদিকে মেহেরপুর-কুষ্টিয়া আঞ্চলিক মহাসড়কের সদর উপজেলার গোপালপুর এলাকায় মোটরসাইকেল ও ইজিবাইকের সংঘর্ষে তিন নারীসহ সাতজন আহত হয়েছেন।

বুধবার দুপুরে এ দুর্ঘটনা ঘটে। স্থানীয়রা আহতদের উদ্ধার করে মেহেরপুর ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতালে ভর্তি করেন।

আহতরা হলেন গাংনীর পাকুড়িয়া গ্রামের আজিজুল হকের ছেলে ইমরান হোসেন (২৪), সদর উপজেলার আলমপুরের মোতালেব হোসেনের ছেলে রাসেল (২২), শ্যামপুরের রইস উদ্দিনের ছেলে জামাত আলী, গাংনী চৌগাছা গ্রামের শাকিল হোসেনের স্ত্রী রজনি (৩০), সপাকুড়িয়া গ্রামের ইয়ানুর রহমানের স্ত্রী হীরা (৩২), সদর উপজেলার দিঘীরপাড়ার মফা মন্ডলের ছেলে মন্টু (২৫)।

জানা গেছে, আলমপুর গ্রামের রাসেল মোটরসাইকেলযোগে মেহেরপুরের দিকে আসছিলেন। একই সময় ইমরান পরিচালিত একটি ইজিবাইক যাত্রী নিয়ে গাংনীর দিকে যাচ্ছিল। হঠাৎ মোটরসাইকেল উল্টো দিকে চলে গেলে ইজিবাইকের মুখোমুখি সংঘর্ষ হয়। এতে মোটরসাইকেল আরোহীসহ ইজিবাইকের যাত্রীরা গুরুতর আহত হন।

মেহেরপুরে বীর মুক্তিযোদ্ধা ফুলসুরাত মন্ডলের রাষ্ট্রীয় মর্যাদায় দাফন সম্পন্ন

মেহেরপুর সদর উপজেলার আমদহ দক্ষিণ পাড়া গ্রামের বীর মুক্তিযোদ্ধা ফুলসুরাত মন্ডলকে পূর্ণ রাষ্ট্রীয় মর্যাদায় দাফন করা হয়েছে। রবিবার দুপুরে আমদহ পারিবারিক কবরস্থানে তাঁর দাফন সম্পন্ন হয়।

দাফন পূর্ববর্তী আনুষ্ঠানিকতায় মেহেরপুর সদর উপজেলা নির্বাহী অফিসার মোঃ খায়রুল ইসলাম জাতীয় পতাকায় আচ্ছাদিত মরহুমের কফিনে পুষ্পমাল্য অর্পণ করেন। পরে মেহেরপুর সদর থানা পুলিশের একটি চৌকস দল মরহুমকে গার্ড অব অনার প্রদান করে। রাষ্ট্রের পক্ষে সালাম গ্রহণ করেন ইউএনও মোঃ খায়রুল ইসলাম। এ সময় বিউগলে বেজে ওঠে করুণ সুর, এবং এক মিনিট নীরবতা পালন করা হয়।

দাফন কার্যক্রমে অংশ নেন মেহেরপুর জেলা মুক্তিযোদ্ধা সংসদের সাবেক কমান্ডার বীর মুক্তিযোদ্ধা আবুল কাশেমসহ স্থানীয় বিভিন্ন শ্রেণী-পেশার মানুষ।

রবিবার ভোরে মেহেরপুর ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় বীর মুক্তিযোদ্ধা ফুলসুরাত মন্ডল মৃত্যুবরণ করেন। মৃত্যুকালে তিনি স্ত্রী, চার ছেলে এবং অসংখ্য গুণগ্রাহী রেখে গেছেন।

মেহেরপুর সদর থানার ওসিকে

ইউএনও এর বিদায় সংবর্ধনা

মেহেরপুর সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা মোঃ খায়রুল ইসলামের পক্ষ থেকে মেহেরপুর সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মেছবাহ উদ্দিনকে বিদায় সংবর্ধনা প্রদান করা হয়েছে।

রবিবার সকালে সদর উপজেলা পরিষদ সম্মেলন কক্ষে এ বিদায় সংবর্ধনা অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে ফুলেল শুভেচ্ছা ও সম্মাননা স্মারক প্রদান করে তাকে আনুষ্ঠানিকভাবে বিদায় জানানো হয়।

মুজিবনগরে জুলাই যুব উন্নয়ন ক্লাবের উদ্যোগে ফ্রি ব্লাড গ্রুপিং ক্যাম্পেইন

মেহেরপুরের মুজিবনগর উপজেলায় জুলাই যুব উন্নয়ন ক্লাবের আয়োজনে এবং তানিশা ক্লিনিক ও ডায়াগনস্টিক সেন্টারের সার্বিক সহযোগিতায় ফ্রি ব্লাড গ্রুপিং ক্যাম্পেইন অনুষ্ঠিত হয়েছে।

রবিবার (৭ জানুয়ারি) সকাল ৯টা ৩০ মিনিটে বাগোয়ান ইউনিয়নের ভবেরপাড়া গ্রামের মুজিবনগর আম্রকানন মাধ্যমিক বিদ্যালয় প্রাঙ্গণে এ ক্যাম্পেইন অনুষ্ঠিত হয়।

এতে বিদ্যালয়ের প্রায় ৪০০ শিক্ষার্থীকে ফ্রি ব্লাড গ্রুপিং সুবিধা দেওয়া হয়।

ক্যাম্পেইনে উপস্থিত ছিলেন জুলাই যুব উন্নয়ন ক্লাবের সভাপতি ও এনসিপি’র জেলা যুগ্ম-সমন্বয়কারী আরিফ খান, ক্লাবের সেক্রেটারি ও এনসিপি’র উপজেলা প্রধান সমন্বয়কারী তরিকুল ইসলাম, এনসিপি জেলা কমিটির সদস্য লালচাঁদ, মুজিবনগর আম্রকানন মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক শরিফুল ইসলামসহ বিদ্যালয়ের অন্যান্য শিক্ষকবৃন্দ। তানিশা ক্লিনিকের বিশেষজ্ঞ টিম ক্যাম্পেইনের সার্বিক কার্যক্রম পরিচালনা করেন।

জুলাই যুব উন্নয়ন ক্লাবের নেতৃবৃন্দ জানিয়েছেন, শিক্ষার্থীদের স্বাস্থ্যসচেতনতা বাড়াতে এবং প্রয়োজনীয় সময়ে রক্তের গ্রুপ জানা নিশ্চিত করতেই এ উদ্যোগ নেওয়া হয়েছে।

মেহেরপুরের আমঝুপিতে যুব সমাজের মাঝে ভলিবল সামগ্রী বিতরণ

মেহেরপুর সদর উপজেলার আমঝুপি ইউনিয়নের চাঁদবিল গ্রামের তেতুলতলা এলাকার যুব সমাজের মাঝে ভলিবল ও ভলিবল খেলার নেট উপহার প্রদান করেছে মেহেরপুর জাতীয় নাগরিক পার্টি। তরুণদের সুস্থ বিনোদন, দলগত চেতনা এবং ইতিবাচক চর্চা বাড়ানোর লক্ষ্যেই এ উদ্যোগ নেওয়া হয়।

সংগঠনের নেতৃবৃন্দ জানান, নিয়মিত খেলাধুলা শুধুই বিনোদন নয় এটি তরুণদের জীবনে শৃঙ্খলা, আত্মবিশ্বাস ও সঠিক পথের দিশা তৈরি করে। মাঠমুখী যুব সমাজ স্বাভাবিকভাবেই মাদক, অনলাইন জুয়া ও অন্যান্য ক্ষতিকর প্রবণতা থেকে দূরে থাকে।

তারা আরও বলেন, এ ধরনের সামাজিক উদ্যোগ তরুণদের দক্ষতা উন্নয়নের পাশাপাশি একটি সুস্থ, নিরাপদ ও সমন্বিত সমাজ গঠনে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে। যুবকরাই আগামী দিনের শক্তি তাদের পাশে দাঁড়ানোই আমাদের দায়িত্ব এবং কর্তব্য।

মেহেরপুর-১ আসনের জামায়াত এমপি

প্রার্থী তাজউদ্দিন খানের গণসংযোগ

বাংলাদেশ জামায়াতে ইসলামী মেহেরপুর জেলা শাখার উদ্যোগে সদর উপজেলার কুতুবপুর ইউনিয়নের সুবিদপুর গ্রামে গণসংযোগ কর্মসূচি অনুষ্ঠিত হয়েছে।

রোববার বিকেল ৪টার দিকে সুবিদপুর গ্রামের প্রধান প্রধান সড়ক ও দোকানপাটে এ গণসংযোগ অনুষ্ঠিত হয়।

অনুষ্ঠানে নেতৃত্ব দেন বাংলাদেশ জামায়াতে ইসলামী মেহেরপুর-১ আসনের প্রার্থী তাজউদ্দিন খান। এ সময় আরও উপস্থিত ছিলেন মেহেরপুর শ্রমিক ফেডারেশনের জেলা সভাপতি আব্দুর রউফ মুকুল, মেহেরপুর সদর উপজেলা আমির সোহেল রানা, মেহেরপুর সদর উপজেলার সেক্রেটারি ও আমঝুপি ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান পদপ্রার্থী জাব্বারুল ইসলাম মাস্টার, কুতুবপুর ইউনিয়নের তদাকারী মাওলানা জাবেরুল ইসলাম, কুতুবপুর ইউনিয়নের আমির ইমদাদুল হক, সেক্রেটারি পারভেজ হুসাইনসহ ইউনিয়নের নেতৃবৃন্দ প্রমুখ।

গণসংযোগ কর্মসূচিতে আসন্ন রাজনৈতিক কর্মকাণ্ডে জনসম্পৃক্ততা বাড়ানো এবং দলীয় প্রার্থীর পক্ষে সর্বাত্মক সমর্থন প্রদানের আহ্বান জানানো হয়।

মেহেরপুরে বেগম খালেদা জিয়ার রোগমুক্তি কামনায় দোয়া মাহফিল

মেহেরপুরে বিএনপি’র চেয়ারপার্সন সাবেক প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়ার রোগমুক্তি ও সুস্থতা কামনায় দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়েছে।

জাতীয়তাবাদী শ্রমিক দল, জেলা শাখার উদ্যোগে গতকাল শনিবার রাতে

মেহেরপুরে তিন থানার ওসিদের বদলি উপলক্ষে বিদায় সংবর্ধনা

মেহেরপুর, গাংনী ও মুজিবনগর থানার অফিসার ইনচার্জদের চুয়াডাঙ্গায় বদলি হওয়ায় আনুষ্ঠানিকভাবে বিদায় সংবর্ধনা প্রদান করা হয়েছে। গতকাল শনিবার সকালে পুলিশ সুপার কার্যালয়ে এ সংবর্ধনা অনুষ্ঠানের আয়োজন করা হয়।

অনুষ্ঠানে পুলিশ সুপার উজ্জ্বল কুমার রায় বিদায়ী কর্মকর্তাদের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেন এবং জেলা পুলিশের পক্ষ থেকে ক্রেস্ট ও স্মৃতিস্মারক তুলে দেন। তিনি বলেন, জেলার আইনশৃঙ্খলা রক্ষায় তাদের অবদান স্মরণীয় হয়ে থাকবে।

এসময় উপস্থিত ছিলেন অতিরিক্ত পুলিশ সুপার (প্রশাসন ও অর্থ) মোহাম্মদ আতিকুল হক, অতিরিক্ত পুলিশ সুপার (ক্রাইম অ্যান্ড অপস) মোঃ জামিনুর রহমান খান,

অতিরিক্ত পুলিশ সুপার (সদর সার্কেল) মোঃ মেহেদী হাসান দিপুসহ জেলা পুলিশের ঊর্ধ্বতন কর্মকর্তারা।

মেহেরপুরে খোকসা যুব সংঘের উদ্যোগে ফ্রি মেডিকেল ক্যাম্প

মেহেরপুর সদর উপজেলার আমঝুপি ইউনিয়নের খোকসা গ্রামে খোকসা যুব সংঘের উদ্যোগে একটি ফ্রি মেডিকেল ক্যাম্প অনুষ্ঠিত হয়েছে। গতকাল শনিবার সকাল সাড়ে নয়টা থেকে দিনব্যাপী এই ক্যাম্পে স্থানীয়দের বিনামূল্যে স্বাস্থ্যসেবা প্রদান করা হয়।

অনুষ্ঠানে সভাপতিত্ব করেন খোকসা যুব সংঘের সভাপতি শামসুজ্জামান হামিদুল। প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন তাহের শেখ, খোকসা কেন্দ্রীয় জামে মসজিদের সেক্রেটারি ও যুব সংঘের উপদেষ্টা শামসুজ্জোহা সামিদুল।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন খোকসা হাট মসজিদের ইমাম আব্দুর রশিদ ঈশা খাঁ, খোকসা যুব সংঘের সেক্রেটারি সেলিম রেজা, খোকসা কেন্দ্রীয় জামে মসজিদের ইমাম ও সহ-সভাপতি খালিদ সাইফুল্লাহ আপেল।

এ ছাড়াও উপস্থিত ছিলেন অর্থ সম্পাদক শরিফুজ্জামান টুটুল, সাংগঠনিক সম্পাদক আবির, খাদ্য বিষয়ক সম্পাদক মোশারফ হোসেন, নির্বাহী সদস্য মাসুম রেজা, জিহাদ, তারিকসহ সংগঠনের অন্যান্য সদস্যরা।

দিনব্যাপী এই ফ্রি মেডিকেল ক্যাম্পে নানা বয়সী মানুষের স্বাস্থ্য পরীক্ষা, পরামর্শ এবং প্রয়োজনীয় ওষুধ বিতরণ করা হয়। স্থানীয়দের মধ্যে এ উদ্যোগকে স্বাগত জানানো হয়।

মেহেরপুরের ২ নং ওয়ার্ডে জামায়াতের নির্বাচনী কার্যালয় উদ্বোধন

মেহেরপুর পৌরসভার ২ নং ওয়ার্ডে জামায়াতে ইসলামীর নির্বাচনী সভা এবং নির্বাচনী কার্যালয়ের উদ্বোধন অনুষ্ঠিত হয়েছে। শনিবার সন্ধ্যায় ওয়ার্ডটিতে আনুষ্ঠানিকভাবে নির্বাচনী কার্যালয় উদ্বোধনের পর সেখানে নির্বাচনী সভা অনুষ্ঠিত হয়।

অনুষ্ঠানে সভাপতিত্ব করেন ২ নং ওয়ার্ড জামায়াতে ইসলামীর সভাপতি মোঃ হাবিবুর রহমান। প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা জামায়াতে ইসলামীর আমির তাজউদ্দিন খান।

বিশেষ অতিথি ছিলেন জেলা জামায়াতের সেক্রেটারি ইকবাল হুসাইন,

নায়েবে আমির মাওলানা মাহবুবুল আলম, পৌর আমির সোহেল রানা ডলার।

পরে প্রধান অতিথি ও অতিথিবৃন্দ আনুষ্ঠানিকভাবে ২ নং ওয়ার্ড জামায়াতে ইসলামীর নির্বাচনী কার্যালয় উদ্বোধন করেন।